গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd
(প্রশাসন শাখা)

নম্বর- ৫৬.০৪.০০০০.০০৩.০৮.০০২.১৬-৪৫৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের অফিস প্রধানের পদের নাম 'প্রোগ্রামার' ও 'সহকারী প্রোগ্রামার' এর পরিবর্তে যথাক্রমে 'জেলা আইসিটি অফিসার' ও 'উপজেলা আইসিটি অফিসার' নামে অভিহিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ের দপ্তর প্রধান হিসেবে "প্রোগ্রামার" এবং উপজেলা কার্যালয়ের দপ্তর প্রধান হিসেবে "সহকারী প্রোগ্রামার" দায়িত্ব পালন করছেন। উক্ত কর্মকর্তাদের পদবি তাঁদের কাজের সাথে অসামঞ্জস্যপূর্ণ এবং পদের পরিচিতি বোধগম্য না হওয়ায় জনগণকে কাংখিত সেবা প্রদান ব্যহত হচ্ছে।

২। এমতাবস্থায়, প্রশাসনিক কাজের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ে কর্মরত অফিস প্রধানের পদের নাম "প্রোগ্রামার" এর পরিবর্তে "জেলা আইসিটি অফিসার" (District ICT Officer) এবং উপজেলা কার্যালয়ে কর্মরত অফিস প্রধানের পদের নাম "সহকারী প্রোগ্রামার" এর পরিবর্তে "উপজেলা আইসিটি অফিসার" (Upazila ICT Officer) হিসেবে অভিহিত করা হলো। তবে, প্রধান কার্যালয় বা অন্যান্য সরকারি দপ্তরে সংযুক্তি/প্রেষণ-এ দায়িত্ব পালনের ক্ষেত্রে মূল পদবি প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার অপরিবর্তিত থাকবে।

১২/০৮/২০২৪

(মোঃ মোস্তফা কামাল)
মহাপরিচালক
ফোন: +৮৮০ ২ ৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd

১। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২। সিস্টেমস্ ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩। জেলা প্রশাসক (সকল জেলা)
৪। পরিচালক (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)
৭। অফিস নথি/মাস্টার ফাইল।